[redacted]

[redacted] (2022) [redacted] [redacted] [redacted]

করা হবে। পুরো স্মৃতিসৌধ এলাকাটিও সিসিটিভি ক্যামেরার আওতায় থাকবে।

কামাল বলেন, বিজয় দিবসকে কেন্দ্র করে প্রতিবছর বিভিন্ন সংস্থা, সংগঠন সাংস্কৃতিক অনুষ্ঠান ও র্যালির আয়োজন করে। এসব অনুষ্ঠানের সাতদিন আগেই সংশ্লিষ্ট থানা বা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানাতে হবে। সে অনুযায়ী নিরাপত্তা ব্যবস্থা দেওয়া হবে।

বিজয় দিবসের র্যালি, প্যারেডসহ অন্যান্য অনুষ্ঠান সম্প্রচারের জন্য বিভিন্ন স্থানে এলইডি স্ক্রিন বসানো হবে বলেও জানান মন্ত্রী।

সড়ক আইন বাস্তবায়ন প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সড়ক বিভাগের মন্ত্রী বলেছেন, কিছুদিন আইনটি সম্পর্কে সবাইকে জানানো হচ্ছে। সময়মতো তিনি আইনটি প্রয়োগে নির্দেশনা দেবেন।

আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সড়ক পরিবহনের আইন নিয়ে কাজ করতে কতটা প্রস্তুত জানতে চাইলে তিনি বলেন, ট্রাফিক পুলিশের যে দায়িত্বটি, তারা তা সম্পূর্ণভাবেই পালন করছে। তাদের মধ্যে আন্তরিকতার অভাব নেই, প্রচেষ্টায়ও দুর্বলতা দেখছি না। পৃথিবীর সব জায়গায়ই যানজট হয়, বাংলাদেশের যানজটের জন্য বিভিন্ন প্রতিবন্ধকতা রয়েছে। পর্যায়ক্রমে যানজট সমস্যার সমাধান হবে আশা করি।

দুর্নীতি বিরোধী অভিযান প্রসঙ্গে মন্ত্রী বলেন, কোনো অভিযান থেমে নেই। অভিযান চলছে ও চলবে। তথ্যভিত্তিক অভিযান চালানোর জন্য আমরা নিরাপত্তা বাহিনীকে নির্দেশনা দিয়েছি। যেখানেই তথ্য পাচ্ছি, সেখানেই ধরা হচ্ছে।